



তথ্যবিবরণী

নম্বর: ০৯৮

যানজট নিরসন ও সড়কে শৃঙ্খলা আনতে রাসিকের ভ্রাম্যমান আদালত পরিচালিত

রাজশাহী ; ২৭ কার্তিক (১২ নভেম্বর) :

আজ মঙ্গলবার (১২ নভেম্বর) সকালে যানজট নিরসন ও সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনার লক্ষ্যে রাজশাহী মহানগরীতে চলাচলকারী লাইসেন্সবিহীন অটো ও চার্জার রিক্সা বন্ধে নগরীর নগরভবন সংলগ্ন এলাকায় রাজশাহী সিটি কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরিন এর নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

নগরভবন এলাকায় ব্যাটারি চালিত অটো রিক্সার লাইসেন্স নবায়ন, বেআইনীভাবে সবুজ অটোরিক্সা চালানো ও কাগজপত্র না থাকায় স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৯২ (৩) ধারায় ৭টি মামলা দায়ের করে ৬ জনের নিকট হতে জনপ্রতি ৪শত টাকা আদায় করা হয় এবং ১জন ব্যক্তির নিকট ৪শত টাকা অর্থদণ্ড অনাদায়ে ২দিন অতিরিক্ত সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

অপর এক অভিযানে লাইসেন্স বিহীন ব্যাটারি চালিত চার্জার রিক্সার কাগজপত্র না থাকায় ৩টি মামলা দায়ের করে ৩ ব্যক্তির নিকট প্রত্যেককে ১৫শ টাকা করে সর্বমোট ৪ হাজার ৫শ টাকা অর্থদণ্ড আদায় করা হয়। রাসিকের পক্ষ থেকে জানানো হয়, আটককৃত এসব অটো রিক্সা নগরভবনের নির্দিষ্ট স্থানে রাখা হয়েছে।

রাসিক ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরিন বলেন, রাজশাহী মহানগরীতে চলাচলকারী অটো-চার্জার মালিক ও চালকগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ২০২৪-২৫ অর্থবছরের লাইসেন্স নবায়ন করতে হবে। লাইসেন্স বিহীন অটো-চার্জার রিক্সা আটক করে ডাম্পিংসহ তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। নির্দিষ্ট সময়ে শুধুমাত্র অনুমোদিত নির্দিষ্ট রঙের গাড়ী চলাচল করতে পারবে। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে তিনি জানিয়েছেন।

অভিযানকালে রাসিকের সংশ্লিষ্ট কর্মকর্তা ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/হালিম/১৭:১০ঘ.